# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৩৮

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - উমার ফারূক (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

## الفصل الاول ( بَاب مَنَاقِب عمر)

---

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم يَقُول: «بَيْنَا أَنَا نَائِمٌ رَأَيْتُ النَّاسَ يُعْرَضُونَ عَلَيَّ وَعَلَيْهِمْ قُمُصٌ مِنْهَا مَا يَبْلُغُ الثُّدِيَّ وَمِنْهَا مَا دُونَ ذَلِكَ وَعُرِضَ عَلَيَّ عُمَرُ بْنُ الْخَطَّابِ وَعَلَيْهِ قَمِيصٌ يَجُرُّهُ» قَالُوا: فَمَا أَوَّلْتَ ذَلِكَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: «الدِّينَ» . مُتَّفق عَلَيْهِ

متفق علیہ ، رواہ البخاری (3691) و مسلم (15 / 2390)، (6189) ۔
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৬০৩৮-[৪] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: একদিন আমি ঘুমিয়ে ছিলাম, (স্বপ্নে) দেখলাম যে, লোকেদেরকে আমার সামনে উপস্থিত করা হচ্ছে। তাদের গায়ে জামা ছিল। তাদের কারো জামা বুক অবধি পৌছেছিল। আবার কারো জামা ছিল তার নিম্নে। এরপর আমার সম্মুখে ’উমার ইবনুল খাত্তাবকে উপস্থিত করা হয়। তার দেহে এমন একটি দীর্ঘ জামা ছিল যে, তিনি তা হেঁচড়িয়ে চলছিলেন। সাহাবীগণ প্রশ্ন করলেন, হে আল্লাহর রাসূল! আপনি এর ব্যাখ্যা কি করেছেন? তিনি (সা.) বললেন, তা হলো দীন। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৬৯১, ৭০০৮, মুসলিম ১৫-(২৩৯০), তিরমিযী ২২৮৫, নাসায়ী ৫০১১, সহীহুল জামি ২৮৬০, মুসান্নাফ আবদুর রাযযাক ২০৩৮৫, মুসনাদে আহমাদ ১১৮৩২, আবূ ইয়া'লা ১২৯০, সহীহ ইবনু হিব্বান ৬৮৯০, আস্ সুনানুল কুবরা লিন নাসায়ী ৭৬৪৫, দারিমী ২১৫১, আল মু'জামুল আওসাত্ব ৮৭৮২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম নবাবী (রহিমাহুল্লাহ) বলেন, কাপড় দ্বারা উদ্দেশ্য হলো দীনের উপর অটল থাকা আর তা টেনে নিয়ে যাওয়া দ্বারা উদ্দেশ্য হলো তার মৃত্যুর পর মুসলিমদের মাঝে তার সুন্দর সুন্দর প্রভাব ও সুন্নাতগুলো অবশিষ্ট থাকা যাতে করে মৃত্যুর পরও যেন তার অনুসরণ করা হয়। (মিরক্বাতুল মাফাতীহ, শারহুন নাবাবী হা, ২৩৯০)
হাদীসের সারমর্ম হলো: ‘উমার (রাঃ)-এর খিলাফতকালে দীন ইসলাম প্রতিষ্ঠা লাভ করবে। তার শাসনকাল দীর্ঘ হবে। তার বিজয়ের প্রভাবটা জীবিত অবস্থায় অবশিষ্ট থাকবে এবং মৃত্যুর পরও। কেননা দীন হলো মানুষকে একত্রিত করে ও রক্ষা করে এবং মতবিরোধ হতে বাঁচিয়ে রাখে, যেমন কাপড় মানুষকে রক্ষা করে ও বেষ্টন করে রাখে।
(وَمِنْهَا مَا دُونَ ذَلِكَ) এখানে কাপড়ের স্তর বর্ণনা করা হয়েছে। তাছাড়া (دُونَ) শব্দের অর্থে দু'টি সম্ভাবনা রয়েছে, ১. তার চেয়ে ছোট কাপড়, ২. বড় কাপড়।
(يَجُرُّهُ)কাপড় লম্বা হওয়ার দরুন জমিনে হেঁচড়াচ্ছিল।
(قَالُوا) কতিপয় সাহাবী যারা তখন উপস্থিত ছিলেন। (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86014

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন